# ভাঙ্গায় সড়কের ধারে মিলল আওয়ামী লীগ নেত্রীর মরদেহ



সংগৃহীত ছবি

রাজধানীর শাহজাহানপুর থানা আওয়ামী লীগের নেত্রী হাসিনা পারভীন মিনু (৪৫) নিহত অবস্থায় উদ্ধার হয়েছেন। বুধবার (১৮ ফেব্রুয়ারি) সকালে ঢাকা-ভাঙ্গা এক্সপ্রেসওয়ের সার্ভিস লেনের গাবতলী এলাকায় তার মরদেহ পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেওয়া হয়।

পরে ভাঙ্গা হাইওয়ে থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠায়। জাতীয় পরিচয়পত্রের তথ্য যাচাই করে তার পরিচয় নিশ্চিত করা হয়। তিনি ঢাকার শাজাহানপুরের শান্তিবাগ বাজারসংলগ্ন এলাকায় বসবাস করতেন।

ভাঙ্গা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল আলীম বলেন, মরদেহে একাধিক আঘাতের চিহ্ন রয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, অন্য কোথাও হত্যার পর দুষ্কৃতকারীরা লাশটি সড়কের পাশে ফেলে যায়।

LENS ASIA

ঘটনার প্রকৃত কারণ উদঘাটনে তদন্ত চলছে এবং আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন তিনি।